শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www.bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২০২৬/৬৫৬/শিক্ষা

তারিখঃ ২৯-০৬-২০২৬

# মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের জন্য জরুরি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রী অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে মাইগ্রেশন হয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এসেছে তাদেরকে -

১. বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে লটারির মাধ্যমে হল সিলেকশন দিয়ে তালিকা BAU Website এ প্রকাশ করা হয়েছে। বাকৃবি-তে ভর্তির কার্যক্রম সম্পন্ন না হলেও মাইগ্রেশন হয়ে আসা ছাত্র-ছাত্রীরা কেন্দ্রীয় ওরিয়েন্টেশনের আগের দিন অর্থাৎ ০৫.০৭.২০২৬ তারিখ রবিবার সকাল ০৯:০০ টা থেকে স্ব-স্ব হলে উঠতে পারবে। **হল কর্তৃপক্ষ চাইলে ছাত্র-ছাত্রী হলে ওঠার সময় অথবা নিম্নে উল্লেখিত তারিখে হলে ভর্তির কাজ সম্পন্ন করতে পারবেন।**

২. ০৬ জুলাই ২০২৬ তারিখের মধ্যে বাকৃবি ওয়েবসাইটে নিম্নের লিঙ্কে ক্লিক করার পর PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান, পাসপোর্ট সাইজের ফটো এবং স্বাক্ষর (JPG Format) আপলোড করতে হবে:

Login করার লিঙ্ক ঃ https://app.bau.edu.bd/ug_admission

আপলোড শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে (1) Admission Form, (2) Registration Form, (3) Medical Form, (4) Certificate Checklist এবং (5) Pay slip তৈরী হবে যা ডাউনলোড করে A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে এবং ভর্তির সময় শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে।

৩. অন্য বিশ্ববিদ্যালয় থেকে মাইগ্রেশন হয়ে বাকৃবি-তে আসা ছাত্র-ছাত্রীরা ভর্তির ১ম ধাপে অনলাইনে ১০,০০০/- (দশ হাজার টাকা) প্রদানের পরও অন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় অতিরিক্ত যে টাকা প্রদান করেছে তার পে-স্লিপ এর ফটোকপি ভর্তির সময় শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে।

৪. ০৭ থেকে ০৯ জুলাই ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থান সমূহে সশরিরে উপস্থিত হয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে :

| ছাত্র-ছাত্রীদের রিপোর্টের স্থান | অফিসের কার্যক্রম |
|---|---|
| বাঁধন এর কার্যালয় | ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদান। |
| হেল্থ কেয়ার সেন্টার | স্বাস্থ্য পরীক্ষা করে মেডিক্যাল ফরমে এ স্বাক্ষর প্রদান। |
| সংশ্লিষ্ট ডিন/ইনস্টিটিউট অফিস | এডমিশন ফরম-এ ডিন/পরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষর প্রদান। |
| প্রক্টর কার্যালয় | এডমিশন ফরম-এ প্রক্টর মহোদয় কর্তৃক স্বাক্ষর প্রদান। |
| সংশ্লিষ্ট হল অফিস | ভর্তির কাজ সম্পন্ন করতঃ এডমিশন ফরম-এ প্রভোস্ট মহোদয় কর্তৃক স্বাক্ষর প্রদান। |
| শিক্ষা বিষয়ক শাখা | এডমিশন ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম, সার্টিফিকেট চেক লিষ্ট এবং অন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির পে-স্লিপ জমা রাখা। |
| কোষাধ্যক্ষ কার্যালয় | পে-স্লিপ গ্রহণ করে সিল দিয়ে অর্ধেক অংশ ফেরত প্রদান। |
| পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখা | ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী হিসাব খোলা। |

৫. মাইগ্রেশন হয়ে আসা ছাত্র-ছাত্রীরা অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় তাদেরকে ভর্তির জন্য নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে বাকৃবি-এর ভর্তি ফি বাবদ ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে অতিরিক্ত টাকা পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের পূবালী ব্যাংক এর একাউন্টে ফেরত প্রদান করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার

CamScanner